

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
সমাজকল্যাণ মন্ত্রণালয়
২২৪/১, নিউ ইন্সটান রোড, ঢাকা-১০০০
www.bnswc.gov.bd

বিষয়ঃ বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদে ২০২২-২০২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stake holders) অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : মোহাম্মদ জসিম উদ্দিন, নির্বাহী সচিব (যুগ্মসচিব)
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ
তারিখ ও সময় : ২৯.১১.২০২২খ্রি: বেলা-১১.৩০ টায়
সভার স্থান : পরিষদের প্রশিক্ষণ কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতি জানান যে, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন করছে। তিনি উপপরিচালক (মূল্যায়ন) কে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা করার জন্য অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে উপপরিচালক (মূল্যায়ন) শুদ্ধাচার বিষয়ক পরিকল্পনা (২০২২-২০২৩) বাস্তবায়ন বিষয়ে পরিষদের কর্মকর্তা/কর্মচারীগণকে সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ যথাসময়ে গুরুত্বসহকারে বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ও অংশীজনদের মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। শুদ্ধাচার কৌশল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত দাপ্তরিক স্বচ্ছতা নিশ্চিতেরও আহ্বান জানান। উপস্থাপিত আলোচ্যসূচি অনুযায়ী নিম্নোক্ত আলোচনা হয়:

২.০ আলোচনা:


ক. সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও সুশাসন বিষয়ে অংশীজনদের নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সুশাসন নিশ্চিতকরণে উক্ত সভায় পরিষদের কর্মকর্তা/কর্মচারী ও ৪৬ (ছেচল্লিশ) জন অংশগ্রহণকারীদের মধ্য হতে নিম্নোক্ত ০৪(চার) জন মতামত ব্যক্ত করেন:

- (১) জনাব মো: রায়হান হোসেন, সদস্য, বজলার রহমান সেবা সংঘ, কালীগঞ্জ, লালমনিরহাট, সভায় নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনের অনুকূলে অনুদান EFT পদ্ধতিতে প্রদানের জন্য মতামত ব্যক্ত করেন;
- (২) জনাব মো: আরামুল উজ্জামান, সদস্য একতার বীধন তরুন সংঘ, নাঞ্চলকোট, কুমিল্লা, সভায় বলেন যে, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ হতে প্রদত্ত সেবাসমূহের মধ্য হতে বিশেষ অনুদান দু:স্থ, অসহায়, প্রতিবন্ধী ও গরীবদের মাঝে G2P পদ্ধতিতে প্রদান করা যায়। যার মাধ্যমে উপকারভোগীর দোরগোড়ায় সেবা পৌঁছানো যায়;
- (৩) জনাব রুবানা ইয়াসমিন, সাধারণ সদস্য, চালিতাবুনিয়া সুন্দরবন যুক্ত অর্থনৈতিক উন্নয়নশীল সমাজকল্যাণ সমিতি, বাগেরহাট বলেন যে, সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্বেচ্ছাসেবী নির্বাহীদের প্রশিক্ষণে দুর্নীতি প্রতিরোধ বিষয়ে একটি সেশন অন্তর্ভুক্ত করা যেতে পারে; এবং
- (৪) জনাব মো: সাইফুল ইসলাম, সোপান সমাজ উন্নয়ন সংস্থা, টাংগাইল সভায় আলোচনায় দাপ্তরিক কাজে সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে সচেতনতামূলক সভা/সেমিনার/ওয়ার্কশপ/সিম্পোজিয়াম করার গুরুত্ব আরোপ করেন। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

২.১ সিদ্ধান্ত:

- ১। নিবন্ধিত সাধারণ স্বেচ্ছাসেবী সংগঠনের অনুকূলে অনুদান EFT পদ্ধতিতে প্রদান করতে হবে;
- ২। বিশেষ অনুদান G2P পদ্ধতিতে প্রদান করতে হবে;
- ৩। দুর্নীতি বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে স্বেচ্ছাসেবী সংগঠনের নির্বাহীদের দক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণে একটি সেশন অন্তর্ভুক্ত করতে হবে।

২.২ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভায় সমাপ্তি ঘোষণা করেন।



২৯.১১.২০২২
মোহাম্মদ জসিম উদ্দিন
নির্বাহী সচিব (যুগ্মসচিব)
ফোনঃ-০২-২২২২২৮১২৫
e-mail:es@bnswc.gov.bd

স্মারক নং-৪১.০৩.০০০০.০৮০.৯২.১২২.(৪).২২-২৬০১

তারিখঃ ২৩ অগ্রহায়ণ, ১৪২৯ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে-

১. অতিরিক্ত সচিব (বাজেট, কার্যক্রম ও মূল্যায়ন) ও ফোনাল পয়েন্ট কর্মকর্তা (শুদ্ধাচার), সমাজকল্যাণ মন্ত্রণালয়।
২. যুগ্মসচিব (কর্মসম্পাদন ব্যবস্থাপনা) ও বিকল্প ফোনাল পয়েন্ট কর্মকর্তা (শুদ্ধাচার), সমাজকল্যাণ মন্ত্রণালয়।
৩. উপপরিচালক (প্রশাসন), বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা।
৪. সহকারী পরিচালক (প্রশাসন), বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা।
৫. হিসাবরক্ষণ কর্মকর্তা/প্রশাসনিক কর্মকর্তা/প্রশিক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা।
৬. পিএ টু নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা। (নির্বাহী সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা।
৮. কম্পিউটার অপারেটর, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ঢাকা (পরিষদের ওয়েবসাইটে ও সেবাবক্সে প্রকাশের জন্য)
৯. অফিস কপি/ সংশ্লিষ্ট নথি।


০৮.১২.২০২২

ফারহানা আক্তার

উপপরিচালক (মূল্যায়ন)

ও

আহবায়ক

শুদ্ধাচার বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি

ফোন-০২-২২২২০১৪০